

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮.১৭৫৬

তারিখ : ১০ জুন ২০১৯ খ্রি.

প্রেস রিলিজ


ঢাকা, ১০ জুন ২০১৯ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর উদ্যোগে রাজশাহী বিশ্ববিদ্যালয় নাট্যকলা বিভাগের শিক্ষার্থীদের জন্য ০৯ থেকে ২৭ জুন ২০১৯ খ্রি. মেয়াদে ৩ (তিন) সপ্তাহব্যাপী 'টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল' শীর্ষক প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন করা হয়েছে।

এ প্রশিক্ষণ পাঠ্যধারা সফলভাবে অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থীবৃন্দ বাংলাদেশের অভ্যুদয়, সাইবার সিকিউরিটি, বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের পাঠ্যক্রম-পরিপূরক আধুনিক ও মানসম্পন্ন টেলিভিশন নাটক নির্মাণের পরিকল্পনা-পরিচালনা-প্রযোজনার আবশ্যিকীয় তত্ত্বীয় এবং ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা অর্জন করবেন।

প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণলব্ধ তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান, চূড়ান্ত টেলিভিশন নাটক প্রযোজনা পরিকল্পনা- পরিচালনা- প্রযোজনার মাধ্যমে টেলিভিশন নাটক নির্মাণ সম্পর্কে মৌলিক জ্ঞান ও দক্ষতা অর্জন করে তা কর্মক্ষেত্রে প্রয়োগ করতে সক্ষম হবেন।

০৯ জুন ২০১৯ খ্রি. তারিখ প্রশিক্ষণ পাঠ্যধারাটি উদ্বোধন করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) বেগম শাহিন ইসলাম, এনডিসি।


১০/৬/১৯
আবদুল হান্নান
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ২। মুখ্য বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।